# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

২৯ বর্ষ ৭ম সংখ্যা

৩০ চৈত্র ১৪২১, ১৩ এপ্রিল ২০১৫





*গত ২৬ মার্চ ২০১৫ জাতীয় স্মৃতিসৌধে স্বাধীনতা ও জাতীয় দিবসে মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানাচ্ছেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।*

## ঢাবি-এ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত

গত ২৬ মার্চ ২০১৫ ঢাকা বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচীর মাধ্যমে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে।

১৯৭১ সালের ২৫ মার্চ কালোরাতে পাক-হানাদার বাহিনীর আক্রমণে নিহত শহীদদের স্মরণে বিশ্ববিদ্যালয় জগন্নাথ হল পরিবার ২৫ মার্চ ২০১৫ বুধবার সন্ধ্যা ৬:০০টা থেকে রাত ১২টা পর্যন্ত হল প্রাঙ্গণে আয়োজন করে নানা অনুষ্ঠানের। সন্ধ্যা ৬টায় শহীদদের স্মরণে স্থাপনাশিল্পের প্রদর্শন, ৭টায় জাগরণের গান, রাত ৯টায় দেশাত্মবোধক গান ও কবিতা আবৃত্তি, ১১টায় মশাল প্রজ্বলন, ১১টা ৫৯ মিনিটে গণসমাধিতে মোমবাতি প্রজ্জ্বলন এবং শ্রদ্ধা নিবেদন করা হয়। অগনিত মানুষ আর অসংখ্য সংগঠন তাদের শ্রদ্ধা জানাতে সমবেত হয় জগন্নাথ হল গণসমাধি স্থলে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক আলোক প্রজ্জ্বলন করেন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। এতে উপাচার্য তাঁর বক্তব্যে মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জানা অজানা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে ২৫শে মার্চ কালোরাতের এই নির্মম দিনটিকে গণহত্যা দিবস হিসাবে স্বীকৃতি দেওয়ার দাবী জানিয়ে আন্তর্জাতিকভাবে দিবসটি পালনের আহ্বান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হলের প্রভোস্ট অধ্যাপক ড. অসীম সরকার।



*গত ২৫ মার্চ ২০১৫ ঢাবি জগন্নাথ হল প্রাঙ্গণে কালোরাতে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে আলোক প্রজ্জ্বলন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।*

২৬ মার্চ সকাল ৬টায় বিশ্ববিদ্যালয়ের সকল কেন্দ্রীয় ভবন ও আবাসিক হলে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। অপরাজেয় বাংলার পাদদেশে জমায়েত হয়ে সকাল ৬টা ১৫মিনিটে জাতীয় স্মৃতিসৌধের উদ্দেশ্যে যাত্রা করে জাতীয় স্মৃতিসৌধে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন উপাচার্য, একই সাথে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ও সংগঠনের পক্ষ থেকেও পুস্পস্তবক অর্পণ করা হয়। সকাল ৯টায় বিশ্ববিদ্যালয় কর্মচারীদের সন্তানদের মধ্যে মিষ্টি বিতরণ করা হয়। বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের আয়োজনে সন্ধ্যায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে 'মুক্তির গান' শীর্ষক অনুষ্ঠানে স্বাধীনতা, মুক্তিযুদ্ধের গান, কবিতা, নৃত্য পরিবেশন করা হয়। অনুষ্ঠান উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। উপাচার্য তাঁর উদ্বোধনী বক্তব্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণ করে বলেন, ১৯৭১ সালে মানুষ দেশের জন্যে প্রাণ দিয়েছে। আজও হরতাল, অবরোধ আর অগ্নি সন্ত্রাসের কারনে নিরীহ মানুষকে প্রাণ দিতে হচ্ছে। এই সন্ত্রাস ও সহিংসতা থেকে সভ্যতাকে রক্ষা করতে হবে। মানুষকে সুরক্ষা দিতে হবে। উপাচার্য বলেন, ত্রিশলক্ষ মানুষ যে কারণে আত্মদান করেছে তা আমাদের বাস্তবায়ন করতে হবে। ১৬ কোটি মানুষের ঐক্যবদ্ধ প্রচেষ্টার মাধ্যমেই মুক্তিযুদ্ধের চেতনায় বাংলাদেশ সংকট উত্তরণ করে অগ্রগতি ও সমৃদ্ধির পথে এগিয়ে যাবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

এছাড়া, জোহর নামাজের পর মসজিদুল জামিয়ায় মোনাজাত এবং বিশ্ববিদ্যালয় এলাকার অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে অনুষ্ঠিত হয় বিশেষ প্রার্থনা। দিবসটি উপলক্ষে কার্জন হল ও টিএসসিতে আলোক সজ্জার ব্যবস্থা করা হয়।

## ঢাবি এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এ টু আই) প্রকল্পের মধ্যে একটি সমঝোতা স্মারক গত ৫ এপ্রিল ২০১৫ প্রধানমন্ত্রীর কার্যালয়ের করবী হলে স্বাক্ষরিত হয়েছে। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দিন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) এবং এ টু আই প্রকল্পের প্রকল্প পরিচালক কবীর বিন আনোয়ার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড.আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রধানমন্ত্রীর এ টু আই প্রকল্পের পলিসি এডভাইজর আনির চৌধুরী, ইউএনডিপি বাংলাদেশের এ্যাসিস্ট্যান্ট কান্ট্রি ডিরেক্টর কেএএম মোর্শেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

এ চুক্তির আওতায় ঢাবি এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এ টু আই প্রকল্প যৌথভাবে গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন কর্মসূচি বাস্তবায়ন এবং কৌশল নির্ধারণ করবে যা সরকারের বিভিন্ন বিভাগ ও অধিদপ্তরের সেবাসমূহ জনগণের কাছে সহজে ও দ্রুত পৌছে দিতে সহায়ক ভূমিকা রাখবে। এ চুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরীতে অনুঘটক ও সহায়ক হিসেবেও কাজ করবে।

* ২য় পৃষ্ঠায় দেখুন



একনেক-এ শহীদ শেখ রাসেল টাওয়ার অনুমোদন

## প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি ঢাবি'র কৃতজ্ঞতা প্রকাশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসারদের জন্য আবাসিক সুযোগ বৃদ্ধির উদ্দেশ্যে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)-এর সভায় গত ২৪ মার্চ ২০১৫ ঢাকা বিশ্ববিদ্যালয়ে শহীদ শেখ রাসেল টাওয়ার ভবন নির্মাণ প্রকল্প অনুমোদন করা হয়েছে। উক্ত প্রকল্প অনুমোদন করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার কৃতজ্ঞতা প্রকাশ করেছে।

## জাতীয় শিশু দিবসের চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৫তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ঢাবি চারুকলা অনুষদ কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান গত ৪ এপ্রিল ২০১৫ ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।



উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে উজ্জীবিত হয়ে নিজেদের জীবন ও দেশকে গড়ে তোলার জন্য শিশু-কিশোরদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, তাহলেই এই আয়োজনের লক্ষ্য সার্থক হবে। উপাচার্য বঙ্গবন্ধুর জীবন ও কর্মের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, তাঁর জীবনাদর্শ থেকে শিক্ষা নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। উপাচার্য নবীণ চিত্রকরদের উৎসাহ প্রদান করে বলেন, শিশু-কিশোর প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে নিজ মেধা বিকাশের জন্য পুরস্কার এখানে মূখ্য নয়, মূখ্য হলো আদর্শ এবং কলা চর্চার মাধ্যমে নিজেদের প্রতিষ্ঠা করা।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চারুকলা অনুষদের ডীন অধ্যাপক নিসার হোসেন, অধ্যাপক সৈয়দ আবুল বারক্ আলভী প্রমুখ।

উল্লেখ্য, গত ১৭ মার্চ ২০১৫ তারিখে ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মোট ৩টি গ্রুপে এই প্রতিযোগিতায় ঢাকা ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল ও কলেজ, উদয়ন উচ্চ বিদ্যালয়, নীলক্ষেত উচ্চ বিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকার শিশুরা অংশগ্রহণ করে। ৩টি গ্রুপে মোট অংশগ্রহণকারীর ১৭৭জনকে প্রতিটি গ্রুপে মোট ১০জন করে ৩০জনকে পুরস্কার প্রদান করা হয়।



*উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ৩০ মার্চ ২০১৫ মোজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগ আয়োজিত এক অনুষ্ঠানে ভারতের জনপ্রিয় অভিনেত্রী ঋতুপর্না সেনগুপ্তকে মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র স্মারক উপহার দেন।*

## ঢাবি-এ চলচ্চিত্র বিষয়ক সেমিনার

ঢাবি টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের উদ্যোগে "নির্মাতার চোখে অভিনয়" শীর্ষক দিনব্যাপী এক সেমিনার গত ৩০ মার্চ ২০১৫ মোজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সেমিনারে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন।

টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়ার সভাপতিত্বে সেমিনারে ভারতের জনপ্রিয় অভিনেত্রী ঋতুপর্না সেনগুপ্ত এবং বাংলাদেশের বিশিষ্ট অভিনেতা ফেরদৌস আহমেদ বক্তব্য রাখেন। শুভেচ্ছা বক্তব্য দেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. গোলাম রহমান।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, বিভিন্ন দেশের ভৌগলিক সীমারেখা থাকলেও শিক্ষা-সাহিত্য ও শিল্প-সংস্কৃতির ক্ষেত্রে কোন সীমারেখা নেই। তাই মানব সভ্যতাকে এগিয়ে নিতে বিভিন্ন দেশের শিল্পী-সাহিত্যিকদের ঐক্যবদ্ধভাবে সাংস্কৃতিক চর্চা চালিয়ে যেতে হবে। তিনি ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে তৎকালীন ভারতীয় সরকার ও জনগণের আন্তরিক সহযোগিতার কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে বলেন, তাদের এ সহযোগিতা দু'দেশের সম্পর্ককে চিরস্থায়ী রূপ দিয়েছে। উপাচার্য পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের ভাষা, সাহিত্য ও সংস্কৃতিকে এক ও অভিন্ন হিসাবে বর্ণনা করেন এবং দু'দেশের সাংস্কৃতিক সম্পর্ক বৃদ্ধিতে অনন্য অবদান রাখায় অভিনেত্রী ঋতুপর্না সেনগুপ্তকে ধন্যবাদ জানান।

অভিনেত্রী ঋতুপর্না সেনগুপ্ত দুই বাংলার জনগণের মধ্যে সেতু বন্ধন রচনার ক্ষেত্রে চলচ্চিত্র শিল্পকে গুরুত্বপূর্ণ মাধ্যম হিসাবে উল্লেখ করেন। তিনি বলেন, দু'বাংলার শিল্পী-কলাকুশলীরা সম্মিলিতভাবে চলচ্চিত্র নির্মাণ করলে আমাদের সাংস্কৃতিক বন্ধন আরও মজবুত হবে। তিনি নারী পরিচালক ও নারী শিল্পীদের আরও বেশী হারে চলচ্চিত্র শিল্পে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান। নারী হিসাবে তিনি নিজেও বাংলাদেশের টেলিভিশন ও চলচ্চিত্র নির্মাণে কাজ করার আগ্রহ প্রকাশ করেন।

# ঢাবি এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের মধ্যে সমঝোতা

*১ম পৃষ্ঠার পর

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তার বক্তৃতায় অত্যন্ত একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করে দেশকে উন্নত করতে হলে সকল ক্ষেত্রে তথ্য প্রযুক্তির বিস্তৃতি ও ব্যবহারের



সময়োপযোগী এ চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে বিশ্বদ্যিালয়কে যুক্ত করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার দফতরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি বলেন, কোন বিকল্প নেই। ঢাকা বিশ্ববিদ্যালয় এক্ষেত্রে দক্ষ মানব সম্পদ সৃষ্টির মাধ্যমে দেশের অগ্রযাত্রাকে ত্বরান্বিত করতে কার্যকর অবদান রাখছে বলে উল্লেখ করেন উপাচার্য।



*শহীদ শেখ রাসেল টাওয়ার ভবন প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রী একনেক সভায় অনুমোদন করায় গত ২৪ মার্চ ২০১৫ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিককে আন্তরিক অভিনন্দন জানানো হয়।*



*গত ২৭ মার্চ ২০১৫ সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের বহুতল বিশিষ্ট একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।*

# ‘স্বাধীনতা দিবস ফিজিক্যালি চ্যালেঞ্জড বনাম স্বাভাবিক ক্রিকেট ম্যাচ’ অনুষ্ঠিত

বাংলাদেশ ক্রিকেট এসোসিয়েশর ফর দ্যা ফিজিক্যালি চ্যালেঞ্জড (বিসিএপিসি)-এর উদ্যোগে গত ৩১ মার্চ ২০১৫ ঢাবি জগন্নাথ হল মাঠে অনুষ্ঠিত ‘স্বাধীনতা দিবস ক্রিকেট ম্যাচ’-এ বিসিএপিসি দল বিজয় লাভ করে। এ ম্যাচটির উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব এ্যাডভোকেট সাইফুজ্জামান শিখর। খেলা শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং অবদান রেখে সবাই একত্রে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার সংগ্রামে অবদান রাখতে পারলেই বাংলাদেশ এগিয়ে যাবে’। বিসিএপিসি’র সভাপতি অধ্যাপক ড. শেখ আবদুস সালামের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে জগন্নাথ হলের প্রভোস্ট অধ্যাপক ড. অসীম সরকার, বিসিএপিসি’র সাধারণ সম্পাদক মো. মাকসুদুর রহমান, বিসিএপিসি’র কর্মকর্তা জওয়াহেরুল



বিসিএপিসি’র প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদলের হাতে ট্রফি তুলে দেন।

এ সময় উপাচার্য বলেন, ‘আমরা সকলেই কোন না কোনভাবে প্রতিবন্ধী। চাইলেই আমরা সব করতে পারি না। স্বাভাবিক সক্ষম কিংবা ফিজিক্যালি চ্যালেঞ্জড নির্বিশেষে নিজ নিজ ফিল্ডে সর্বোচ্চ ইসলাম মামুন ও মেজর ইয়াদ আলী ফকির (অব:) প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এই ম্যাচে ফিজিক্যালি চ্যালেঞ্জড ক্রিকেট দলের ৮ উইকেটে ১৪৯ রানের জবাবে এসিসি স্পোর্টিং ক্লাব সব উইকেট হারিয়ে ১৪৭ রান করে। ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন ফিজিক্যালি চ্যালেঞ্জড ক্রিকেট দলের দ্রুপম পত্রনবীশ (তীর্থ)।

# অধ্যাপকের অস্ট্রেলিয়ান এক্সেলেন্স এ্যাওয়ার্ড লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ড. নাদির জুনাইদ “অস্ট্রেলিয়ান অ্যালুমনাই এক্সেলেন্স অ্যাওয়ার্ড ২০১৫” লাভ করেছেন। অস্ট্রেলিয়ান বিশ্ববিদ্যালয়ের স্নাতকদের মধ্যে নির্বাচিতদের কর্মক্ষেত্রে আকর্ষণীয় সাফল্যের জন্য অস্ট্রেলিয়া সরকার এন্ডেভার স্কলারশিপ অ্যান্ড ফেলোশিপ প্রোগ্রামের আওতায় এই পুরস্কার দিয়ে থাকে।

গত ৭ এপ্রিল ঢাকার ওয়েসটিন হোটেলে অস্ট্রেলিয়ান হাইকমিশন আয়োজিত এক অনুষ্ঠানে ড. জুনাইদকে আনুষ্ঠানিকভাবে এই পুরস্কার প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে অস্ট্রেলিয়ার হাইকমিশনার গ্রেগ উইলকক।

অ্যাকাডেমিক সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তিনটি স্বর্ণপদকপ্রাপ্ত ড. জুনাইদ কমনওয়েলথ স্কলার হিসেবে কিংস কলেজ, ইউনিভার্সিটি অফ লন্ডন থেকে এমএ ডিগ্রি লাভ করেন। তিনি অস্ট্রেলিয়া সরকারের এনডেভার স্কলারশিপ নিয়ে ইউনিভার্সিটি অফ নিউ সাউথ ওয়েল্স্ থেকে পিএইচ ডি অর্জন করেন।

# প্ল্যান্ট টিস্যু কালচার এন্ড বায়ো-টেকনোলজি কনফারেন্স

বাংলাদেশ এসোসিয়েশন ফর প্ল্যান্ট টিস্যু কালচার এন্ড বায়ো-টেকনোলজি (বিএপিটিসিএন্ডবি) আয়োজিত ‘এ্যানুয়েল প্ল্যান্ট টিস্যু কালচার এন্ড বায়ো-টেকনোলজি’ শীর্ষক এক কনফারেন্স গত ২৮ মার্চ ২০১৫ বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত হয়।

বিএপিটিসিএন্ডবি-এর সভাপতি অধ্যাপক ড. এম মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। উদ্বোধনী অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন বিএপিটিসিএন্ডবি-এর সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শেখ শামীমুল আলম।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই মহান স্বাধীনতার মাসে মুক্তিযুদ্ধে অগণিত শহীদদের প্রতি এবং বিশ্ববিদ্যালয়ের যেসব শিক্ষক, ছাত্র, কর্মকর্তা-কর্মচারী শহীদ হয়েছেন তাঁদের প্রতি শ্রদ্ধা জানিয়ে সহিংসতামুক্ত স্থিতিশীল বাংলাদেশ গঠনে ১৬ কোটি মানুষের সাথে বিজ্ঞানীদের ইতিবাচক কর্মকান্ডের মাধ্যমে ঐক্যবদ্ধভাবে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাওয়ার আহ্বান জানান।

# অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন-এর মৃত্যুতে উপাচার্যের শোক

ভূতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবাণীতে অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন একজন নিবেদিত প্রাণ শিক্ষক ছিলেন। তিনি স্বনামধন্য ভূতত্ত্ব বিশেষজ্ঞ হিসাবে বিশ্ববিদ্যালয়ে এবং জাতীয় ক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালন করেছেন। উল্লেখ্য, অধ্যাপক ড. সাজ্জাদ হোসেন দীর্ঘদিন শিক্ষকতার পর ২০০৯ সালে বিশ্ববিদ্যালয় থেকে অবসর গ্রহণ করেন। বর্তমানে তিনি বিভাগে অনারারী অধ্যাপক হিসাবে নিয়োজিত ছিলেন। তিনি বিশ্ববিদ্যালয়ের একজন সচেতন শিক্ষক হিসেবে স্মরণীয় হয়ে থাকবেন।

অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন গত ২ এপ্রিল ২০১৫ মোহাম্মদপুরস্থ নিজ বাসভবনে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন (ইন্নালিলাহি ওয়া....রাজেউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।




*মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে গত ২৬ মার্চ ২০১৫ টিএসসি মিলনায়তনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সংগীত বিভাগ আয়োজিত ‘মুক্তির গান’ অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।*




*জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনেরাবিলিটি স্টাডিজ ইনস্টিটিউট গত ৩১ মার্চ ২০১৫ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক র‍্যালির নেতৃত্ব দেন।*




*গত ৩ এপ্রিল ২০১৫ শাহ মুহাম্মদ মুতাসিম বিল্লাহ’র ‘মুক্তিযুদ্ধে সরাইল থানা’ শীর্ষক গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠান জাতীয় প্রেস ক্লাবের কনফারেন্স লাউঞ্জে অনুষ্ঠিত হয়। কবি ওয়াহিদ রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ছবিতে উপাচার্যের সাথে অতিথিবৃন্দকে দেখা যাচ্ছে।*

# সোশ্যাল ওয়েলফেয়ার অ্যালামনাই এসোসিয়েশনের পুনর্মিলনী অনুষ্ঠিত

গত ২৭ মার্চ ২০১৫ ঢাবি সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট মিলনায়তনে সোশ্যাল ওয়েলফেয়ার অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী ২০১৫ অনুষ্ঠিত হয়। সমিতির সভাপতি এম এ মোমেনের সভাপতিত্বে অনুষ্ঠিত পুনর্মিলনীতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

আলোচনা পর্বে অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি আবু তাহের ও সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. নুরুল ইসলাম বক্তব্য রাখেন। বক্তারা ইনস্টিটিউটের বহুতল একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্থর স্থাপন করায় উপাচার্যকে ধন্যবাদ জানান। উল্লেখ্য, অনুষ্ঠানের পূর্বে উপাচার্য সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের প্রাঙ্গণে প্রস্তাবিত বহুতল একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর উদ্বোধন করেন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক স্বাধীনতার মাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করে ১৯৭১-এর মুক্তিযুদ্ধকালীন ঢাকা বিশ্ববিদ্যালয়ে শহীদ অগনিত জানা অজানা শিক্ষক, ছাত্র, কর্মকর্তা ও কর্মচারীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান। তিনি এই পুনর্মিলনী বর্তমান, সতীর্থ ও প্রাক্তনদের মত বিনিময়ের মাধ্যমে এক সামাজিক ও পারিবারিক বন্ধন সৃষ্টির মিলনস্থল বলে উল্লেখ করেন। উপাচার্য অ্যালামনাইদের বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউটের অবকাঠামো উন্নয়নসহ সার্বিক অগ্রগতিতে অংশগ্রহণ করা ও সহায়তায় তাদের হাত প্রসারিত করার জন্য সকলকে পরামর্শ প্রদান করেন।

উপাচার্য সমাজকল্যাণের গুরুত্ব ব্যাখ্যা করে এ-ধারার শিক্ষার্থী, শিক্ষক ও প্রাক্তনদের রাষ্ট্র ও সমাজের কল্যাণে মনুষ্যত্বের বিকাশ সাধনের কাজে নিজেদের নিয়োজিত করে সমাজের পিছিয়ে পড়া নিরীহ ও বঞ্চিত মানুষদের সহযোগিতা করে এগিয়ে নেওয়ার আহ্বান জানান। উপাচার্য ইনস্টিটিউটে বিশেষায়িত শিক্ষার সম্প্রসারণের উল্লেখ করে শিক্ষা, শ্রম এবং যোগ্য নেতৃত্ব প্রতিষ্ঠার উপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে উপাচার্য সোশ্যাল ওয়েলফেয়ার অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মুক্তিযোদ্ধা অ্যালামনাই, কৃতি অ্যালামনাই, একনিষ্ঠ অ্যালামনাই এবং অ্যালামনাইদের কৃতি সন্তানদের সম্মাননা ক্রেস্ট প্রদান করেন।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে অনুষ্ঠিত হয় স্মৃতিচারণ, সাংস্কৃতিক অনুষ্ঠান, র‍্যাফেল ড্র ইত্যাদি।




*গত ১ এপ্রিল ২০১৫ ঢাকা বিশ্ববিদ্যালয় কারিগরি কর্মচারী সমিতির নব-নির্বাচিত পরিষদের অভিষেক ও অবসর প্রাপ্ত কর্মচারীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি এবং প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।*

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## স্পেনের পররাষ্ট্র প্রতিমন্ত্রী

স্পেনের পররাষ্ট্র প্রতিমন্ত্রী মি. ইগনাসিও ইবানেজ গত ২৯ মার্চ ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এ সময় ঢাকাস্থ স্পেনের রাষ্ট্রদূত মি. লুইস তেজাদা, ডেপুটি হেড অব মিশন মি. প্যাট্রিক সানডোভাল নিকোলস, নয়াদিল্লীস্থ স্পেন দূতাবাসের চীফ ইকোনমিক এবং কর্মাশিয়াল কাউন্সিলর মি. কার্লোস জিমিনেজ, স্পেনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরিচালক মিজ নুরিয়া রিগোসা গঞ্জালেজ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের স্প্যানিশ ভাষা কোর্সের অধ্যাপক আম্পারো পোর্তা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। বিশেষ করে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং স্পেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও সম্প্রসারণের ব্যাপারে মতবিনিময় করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের স্প্যানিশ ভাষা কোর্সের কার্যক্রম, উন্নতি ও অগ্রগতি নিয়েও তাঁরা আলোচনা করেন। পরে, স্পেনের পররাষ্ট্র প্রতিমন্ত্রী মি. ইগনাসিও ইবানেজ ও তাঁর সফর সঙ্গীদেরকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাবি ক্যাম্পাস এবং আধুনিক ভাষা ইনস্টিটিউট ঘুরে দেখান।

উপাচার্য অধ্যাপক ড. আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য স্পেনের পররাষ্ট্র প্রতিমন্ত্রী মি. ইগনাসিও ইবানেজ ও তাঁর সফর সঙ্গীদের ধন্যবাদ জানান।

## ইডটকো কোম্পানির এমডি

ইডটকো বাংলাদেশ কোম্পানি লিমিটেডের (edotco Bangladesh Co. Ltd.) ব্যবস্থাপনা পরিচালক ডেরিল সিনাপ্পা গত ২৩ মার্চ ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এ সময় রবির প্রধান নির্বাহী কর্মকর্তা মাহতাব উদ্দিন আহমেদ ও ইডটকো বাংলাদেশ কোম্পানি লিমিটেডের পরিচালক মো. মঞ্জুরুল ইসলাম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় আবাসিক হলগুলোকে 3G ইন্টারনেট এবং ওয়াইফাই সুবিধার আওতায় আনার ব্যাপারে আলোচনা করা হয়।

## যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদল

যুক্তরাষ্ট্রের ক্লিমসন ইউনিভার্সিটির অধ্যাপক ড. ডেভিড ডব্লিউ. টনকিন এর নেতৃত্বে ৬ সদস্য-বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৫ মার্চ ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন- ইউএসএইড বাংলাদেশের উপ-পরিচালক ড. কার্ল উরস্টার, ইউএসএইড বাঘ এ্যাক্টিভিটি দলের প্রধান প্রকাশ কান্ত সিলওয়াল, বন্য পশু-পাখি বিষয়ক কারিগরি বিশেষজ্ঞ ড. সন্দীপ শর্মা, কলম্বিয়া ইউনিভার্সিটির বিজ্ঞানী তৃশা দত্ত এবং ওয়াইল্ড টিমের সহকারী সমন্বয়কারী সুপ্রিয় চাকমা।

এ সময় ঢাবি প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলাম এবং সহকারী অধ্যাপক ড. গাউসিয়া ডব্লিউ. চৌধুরী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের ক্লিমসন ইউনিভার্সিটির মধ্যে পরিবেশ বিজ্ঞান ও বন্য পশু-পাখি সংরক্ষণ বিষয়ক যৌথ গবেষণা কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়। এছাড়া, তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে "বাঘ সংরক্ষণ গবেষণা প্রকল্প" চালুর সম্ভাব্যতা নিয়েও আলোচনা করেন। এ বিষয়ে শিগগিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্য পোষণ করেন।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

## নেদারল্যান্ডস-এর অধ্যাপক

নেদারল্যান্ডস-এর এরাসমাস ইউনিভার্সিটির অধ্যাপক ড. অমৃতা ছাছি গত ২৯ মার্চ ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নেদারল্যান্ডস-এর এরাসমাস ইউনিভার্সিটির মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করা হয়। উল্লেখ্য, অধ্যাপক ড. অমৃতা ছাছি ঢাকা বিশ্ববিদ্যালয় উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগ আয়োজিত "জেন্ডার, ডাইভারসিটি এন্ড ডেভেলপমেন্ট" শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে অংশ নিতে সম্প্রতি বাংলাদেশ সফর করেন।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

## ভারতীয় শিক্ষাবিদ দম্পতি

বিশিষ্ট ভারতীয় শিক্ষাবিদ অধ্যাপক ড. সুনীল কুমার তালপাত্র ও তাঁর সহধর্মিনী অধ্যাপক ড. রানী তালপাত্র গত ২৯ মার্চ ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন। এ সময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহার উপস্থিত ছিলেন।

অধ্যাপক ড. সুনীল কুমার তালপাত্র ও অধ্যাপক ড. রানী তালপাত্র দু'জনই কলকাতা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে দীর্ঘদিন অধ্যাপনা করেছেন। তাঁরা বিভাগীয় প্রধান হিসাবেও দায়িত্ব পালন করেন। দু'জনই অনেক গবেষণা কর্ম পরিচালনা করেন এবং বহু গ্রন্থের প্রণেতা। বিশেষত: রসায়নবিদ হিসাবে তাঁদের আন্তর্জাতিক খ্যাতি রয়েছে।

সাক্ষাৎকালে তাঁরা উপাচার্যের সাথে পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগ পরিদর্শন বিষয়ে আলোচনা করেন। তাঁদের যৌথভাবে লিখিত "Chemistry of Plant Natural Products" শীর্ষক গ্রন্থটি উপাচার্যকে প্রদান করেন। উল্লেখ্য যে, আন্তর্জাতিক প্রকাশনা সংস্থা স্প্রিংগার আগামী ১৪ এপ্রিল ২০১৫ তারিখে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক ও শিল্পবিদদের জন্য উক্ত গ্রন্থের মোড়ক উন্মোচন করবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার জন্য উপাচার্য তাঁদেরকে ধন্যবাদ জানান।



স্পেনের পররাষ্ট্র প্রতিমন্ত্রী মি. ইগনাসিও ইবানেজ গত ২৯ মার্চ ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এ সময় ঢাকাস্থ স্পেনের রাষ্ট্রদূত মি. লুইস তেজাদা, ডেপুটি হেড অব মিশন মি. প্যাট্রিক সানডোভাল নিকোলস, নয়াদিল্লীস্থ স্পেন দূতাবাসের চীফ ইকোনমিক এবং কর্মাশিয়াল কাউন্সিলর মি. কার্লোস জিমিনেজ, স্পেনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরিচালক মিজ নুরিয়া রিগোসা গঞ্জালেজ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের স্প্যানিশ ভাষা কোর্সের অধ্যাপক আম্পারো পোর্তা উপস্থিত ছিলেন।



ভারতের 'অল ইন্ডিয়া ডিজাস্টার মিটিগেশন ইনস্টিটিউট'র এক প্রতিনিধি মি. মিহির আর. ভাট গত ২ এপ্রিল ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।



ইডটকো বাংলাদেশ কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ডেরিল সিনাপ্পা গত ২৩ মার্চ ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।



নেদারল্যান্ডস-এর এরাসমাস ইউনিভার্সিটির অধ্যাপক ড. অমৃতা ছাছি গত ২৯ মার্চ ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।



বিশিষ্ট ভারতীয় শিক্ষাবিদ অধ্যাপক ড. সুনীল কুমার তালপাত্র ও তাঁর সহধর্মিনী অধ্যাপক ড. রানী তালপাত্র গত ২৯ মার্চ ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন। এ সময় তাঁদের যৌথভাবে লিখিত "Chemistry of Plant Natural Products" শীর্ষক গ্রন্থটি উপাচার্যকে প্রদান করেন।



যুক্তরাষ্ট্রের ক্লিমসন ইউনিভার্সিটির অধ্যাপক ড. ডেভিড ডব্লিউ. টনকিন এর নেতৃত্বে ৬ সদস্য-বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৫ মার্চ ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে।



গত ২ এপ্রিল ২০১৫ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে ঢাকা বিশ্ববিদ্যালয় আন্ত:হল ভলিবল (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা-২০১৫ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ছেলেদের মধ্যে শহীদ সার্জেন্ট জহুরুল হক হল এবং মেয়েদের মধ্যে শামসুন নাহার হল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। রানার্স-আপ হয়েছে যথাক্রমে শহিদুল্লাহ হল ও রোকেয়া হল। বিশ্ববিদ্যালয় ভলিবল কমিটির সভাপতি অধ্যাপক ড. আবু মো. দেলওয়ার হোসেনের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) ও স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এ সময় বিভিন্ন হলের প্রভোস্ট ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত

দিনব্যাপী নানা কর্মসূচীর মধ্য দিয়ে গত ৩১ মার্চ ২০১৫ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত হয়েছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য ছিল "বিজ্ঞানভিত্তিক তথ্য জানি, দুর্যোগের ক্ষতি কমিয়ে আনি"। দিবসটি পালন উপলক্ষে ঢাবি ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনেরাবিলিটি স্টাডিজ ইনস্টিটিউট ক্যাম্পাসে বর্ণাঢ্য র‌্যালি বের করে। পরে আরসি মজুমদার আর্টস মিলনায়তনে "Resilience Livelihood Framework" শীর্ষক এক জাতীয় কর্মশালার আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন।

ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনেরাবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীনের সভাপতিত্বে কর্মশালায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক দেশের দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকাণ্ডকে আরও গতিশীল করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ মোকাবেলায় শিক্ষার্থীদের দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক শিক্ষার পাশাপাশি নৈতিক ও মানবিক শিক্ষায় শিক্ষিত হতে হবে।




গত ৩১ মার্চ ২০১৫ ঢাবি লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট শাখা Youth Against Hunger আয়োজিত বার্ষিক সাধারণ সভা, নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান ইনস্টিটিউটের মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।



'বাংলাদেশ সাইকেল লেন বাস্তবায়ন পরিষদ-এর উদ্যোগে গত ৩ এপ্রিল ২০১৫ কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ৪র্থ 'সাইকেল লেন দিবস ২০১৫' এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। উদ্বোধনী অনুষ্ঠান শেষে উপাচার্যের নেতৃত্বে এক সাইকেল শোভাযাত্রার আয়োজন করা হয়। ছবিতে উপাচার্যকে এতে অংশগ্রহণ করতে দেখা যাচ্ছে।

# সাইকেল লেন দিবস ২০১৫ উদ্‌যাপিত

"দেশের আর্থ সামাজিক উন্নয়নের অগ্রগতি, নিরাপদ সড়ক সাইকেল লেন বাস্তবায়ন হোক নীতি"- স্লোগানকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪র্থ 'সাইকেল লেন দিবস ২০১৫' বর্ণাঢ্য আয়োজনে উদযাপিত হয়েছে। 'বাংলাদেশ সাইকেল লেন বাস্তবায়ন পরিষদ-এর উদ্যোগে গত ৩ এপ্রিল ২০১৫ কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় দিবসের উদ্বোধনী অনুষ্ঠান। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এ সময় পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ড. জাফর আহমেদ খান উপস্থিত ছিলেন।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সড়ক নিরাপত্তাসহ মানুষের জীবনের সুরক্ষার জন্য সাইকেল লেন বাস্তবায়নের গুরুত্ব তুলে ধরেন। তিনি পরিবেশ বান্ধব ও স্বাস্থ্যকর জীবনের প্রয়োজনে সাইকেলকে অতি নিরাপদ বাহন বলে এর ব্যবহারের প্রয়োজনীয়তা উল্লেখ করেন।

বিশেষ অতিথি হিসাবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওয়ার্ল্ড ইউনিভার্সিটির উপাচার্য ড. আব্দুল মান্নান চৌধুরী, নাট্যজন অধ্যাপক ড. ইনামুল হক, গ্রিনেজ বুক অব ওয়ার্ল্ড রেকর্ড হোল্ডার জোবেরা রহমান লিনু, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি গোলাম কুদ্দুস, খাদ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব কবি মাহবুব সরকার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ডিন, তড়িৎ ও ইলেকট্রনিক বিভাগের অধ্যাপক ড. আমিনুল হক, বাংলাদেশ ফেডারেল অব ফ্লিম সোসাইটির চেয়ারম্যান আর্কিটেক লায়লুন নাহার ইকরাম, গ্রাম বাংলা সম্পদ উন্নয়ন কেন্দ্রের চেয়ারম্যান সৈয়দ কামরুল ইসলাম, কার্ডিও ইন্টারন্যাশনালের চেয়ারম্যান কাজী তরানা ফেরদৌস এবং সার্চ স্কেটিং-এর চেয়ারম্যান আরশাদ আলম। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন এ্যাডভোকেট নাজনীন নাহার নিরুপমা তিথি।

উদ্বোধনী অনুষ্ঠানে আলোচনা, সঙ্গীত ও আবৃত্তি কর্মসূচী শেষে উপাচার্যের নেতৃত্বে এক সাইকেল শোভাযাত্রার আয়োজন করা হয়।

# ঢাবি এবং এসোসিয়েটেড ব্রিটিশ ফুডস-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

ঢাবি ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ এবং যুক্তরাজ্যের এসোসিয়েটেড ব্রিটিশ ফুডস (এবিএফ)-এর মধ্যে গত ৩০ মার্চ ২০১৫ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। উপাচার্য দফতরে আয়োজিত এক অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং এবিএফ-এর লিগ্যাল সার্ভিসেস এর পরিচালক ও প্রাইমার্ক বেটার লাইভস ফাউন্ডেশন এর ট্রাস্টি সদস্য পল লিস্টার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।



এ সময় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খন্দকার মোকাদ্দেম হোসেন, ঢাবি ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ-এর পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান, ইনস্টিটিউটের শিক্ষক ও শিক্ষার্থী এবং প্রাইমার্ক বেটার লাইভস ফাউন্ডেশন ও এবিএফ-এর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ-এর শ্রেণিকক্ষ ও অডিটোরিয়াম তৈরির মাধ্যমে শিক্ষা ও গবেষণা বিষয়ক সক্ষমতা বৃদ্ধি করা হবে যা বাংলাদেশে প্রাকৃতিকসহ অন্যান্য দুর্যোগ মোকাবেলায় গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সমঝোতা স্মারক স্বাক্ষর করায় এসোসিয়েটেড ব্রিটিশ ফুডস-এর কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। এই চুক্তি দেশের দুর্যোগ মোকাবেলা ও ব্যবস্থাপনার উন্নয়নে কার্যকর অবদান রাখবে বলে উপাচার্য প্রত্যাশা ব্যক্ত করেন। তিনি উভয় প্রতিষ্ঠানের মধ্যে দ্বি-পাক্ষিক সম্পর্ক পারস্পরিক সহযোগিতার মাধ্যমে ভবিষ্যতে আরও জোরদার হবে বলে আশা প্রকাশ করেন।

এর আগে, উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক কলা ভবনের ছাদে ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ-এর শ্রেণিকক্ষ ও অডিটোরিয়াম নির্মাণ কাজের উদ্বোধন করেন। এ সময় প্রাইমার্ক বেটার লাইভস ফাউন্ডেশন এর ট্রাস্টি সদস্য ও এসোসিয়েটেড ব্রিটিশ ফুডস-এর লিগ্যাল সার্ভিসেস এর পরিচালক পল লিস্টার এবং ঢাবি ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ এর পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীনসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

# নৃত্যকলা বিভাগের নবীন বরণ

নতুন বিভাগ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় নৃত্যকলা বিভাগের কার্যক্রম গত ৫ মার্চ ২০১৫ কলা অনুষদের ১০৯৭ নং কক্ষে শুরু হয়। এই উপলক্ষে নৃত্যকলা বিভাগ পরিচিতি সভার আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারপার্সন রেজওয়ানা চৌধুরী বন্যা এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এ সময় বিভাগীয় শিক্ষার্থী, খন্ডকালীন শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

# গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ৫ কৃতী শিক্ষার্থীর বৃত্তি লাভ

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের বিভিন্ন পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ৫ জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়েছে। এছাড়া, সহ-শিক্ষা কার্যক্রমে অসামান্য নৈপুণ্য প্রদর্শনের জন্য ৫৭জন শিক্ষার্থীকে পুরস্কার প্রদান করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ৬ এপ্রিল ২০১৫ টিএসসি মিলনায়তনে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ আয়োজিত নবীন বরণ ও অগ্রায়ণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক ও পুরস্কার তুলে দেন।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক আখতার সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। সহকারী অধ্যাপক সাবরিনা সুলতানা চৌধুরী ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক মানুষের অধিকার প্রতিষ্ঠা ও মানব-সভ্যতার উন্নয়নে গণমাধ্যমকে কার্যকরভাবে ব্যবহারের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, সমাজে সত্য প্রতিষ্ঠা ও সত্য প্রকাশের লক্ষ্যে সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীদের আত্ম-প্রশিক্ষিত হতে হবে। তিনি সামাজিক সম্প্রীতি ও অসাম্প্রদায়িক দেশ গড়তে পরিবার, সমাজ তথা মানুষের মধ্যে পারস্পরিক সুসম্পর্ক বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন।

'তৌহিদুল আনোয়ার-আলী হায়দার স্মৃতি বৃত্তি' প্রাপ্তরা হলেন - সঞ্জয় বসাক পার্থ ও মনিরা বেগম। 'সঞ্জীব চৌধুরী স্মৃতি বৃত্তি' প্রাপ্তরা হলেন - সাব্বির হোসেন, ওয়াহিদা জামান ও মনির উদ্দিন। এছাড়া, 'তাজিন স্মৃতি' বৃত্তি লাভ করেন সঞ্জয় বসাক পার্থ।



উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ৬ এপ্রিল ২০১৫ টিএসসি মিলনায়তনে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ আয়োজিত নবীন বরণ ও অগ্রায়ণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। ছবিতে অতিথিদের সঙ্গে কৃতী শিক্ষার্থীদের দেখা যাচ্ছে।

# "জেন্ডার, ডাইভারসিটি এন্ড ডেভেলপমেন্ট" শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন

ঢাবি উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের উদ্যোগে "জেন্ডার, ডাইভারসিটি এন্ড ডেভেলপমেন্ট" শীর্ষক ৩ দিনব্যাপী এক আন্তর্জাতিক সম্মেলন গত ২৭ মার্চ ২০১৫ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শুরু হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সম্মেলন উদ্বোধন করেন।



উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন তানিয়া হকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাবি'র এমিরিটাস অধ্যাপক ড. নাজমা চৌধুরী, ইউনিসেফ-এর উপ-আবাসিক প্রতিনিধি ড. অঞ্জনা ম্যাঙ্গালাগিড়ি এবং ইউএসএইড বাংলাদেশের পরিচালক থমাস ক্রেস বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক নারীর ক্ষমতায়ন ও সমতা প্রতিষ্ঠায় ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। বাংলাদেশকে প্রগতিশীল ও মধ্যম আয়ের দেশে পরিণত করতে জাতীয় জীবনের সকল ক্ষেত্রে লিঙ্গ সমতা প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ নারীর ক্ষমতায়ন ও সমতা প্রতিষ্ঠার দিকে দ্রুত এগিয়ে যাচ্ছে। তিনি গার্মেন্টস খাত তথা জাতীয় অর্থনীতিতে নারীদের অনন্য অবদান তুলে ধরে বলেন, নারী সমাজকে দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তুলতে নারীশিক্ষা খাতে বিনিয়োগ আরও বাড়াতে হবে। তিনি বলেন, শিক্ষা মানুষকে চিন্তার স্বাধীনতা, সিদ্ধান্ত গ্রহণ, মূল্য নির্ধারণ করার ক্ষমতাসহ নানা বিষয়ে সচেতন করে তোলে এবং তাদের অর্থনৈতিক নিরাপত্তা বৃদ্ধি করে। এ কারণে উপাচার্য তথ্য প্রযুক্তি ও ভাষাগত দক্ষতা অর্জনসহ নারীশিক্ষার সার্বিক উন্নয়নের ওপর জোর দেন।

উল্লেখ্য, বাংলাদেশ, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, নেদারল্যান্ডস, ভারত, পাকিস্তানসহ বিভিন্ন দেশের ৫ শতাধিক প্রতিনিধি এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

# উপাচার্যকে সাংবাদিকতা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সংবর্ধনা

উপাচার্য এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ২০১৫ সালে 'অতীশ দিপঙ্কর শান্তি স্বর্ণপদক' লাভ করায় গত ২৮ মার্চ ২০১৫ তাঁকে গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়। উপাচার্য বাস ভবনে আয়োজিত এ অনুষ্ঠানে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমান, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি মো. আলমগীর হোসেন, সহ-সভাপতি এম. খায়রুল কবীর, সাধারণ সম্পাদক স্বপন কুমার দাস এবং নির্বাহী পরিষদের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



এ দেশে তথা অঞ্চলে শিক্ষা বিস্তারে ও বিভিন্ন ধর্মের মধ্যে শান্তি-সম্প্রীতি রক্ষায় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অক্লান্ত শ্রম দিয়ে যে সাফল্য অর্জন করেছেন, তারই স্বীকৃতিস্বরূপ ২০১৫ সালে তিনি 'অতীশ দিপঙ্কর শান্তি স্বর্ণপদক' লাভ করেন। তাঁর এই আন্তর্জাতিক স্বীকৃতিতে জাতি গর্বিত। নতুন প্রজন্ম তাঁর কর্ম ও আদর্শ থেকে উদ্বুদ্ধ হবে বলে অনুষ্ঠানে উল্লেখ করেন অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), সহকারী সম্পাদক: আনোয়ারুল আজিম, প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার ও মোঃ জাকির হোসেন। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫